**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 1/16/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল প্রাণঘাতী ব্রঙ্কস আগুন দ্বারা গৃহচ্যুত ভাড়াটিয়াদের সমর্থনে 2 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

***তহবিল পূর্ব 181তম স্ট্রিটের অ্যাপার্টমেন্টে আগুন লাগার ঘটনায় ক্ষতিগ্রস্ত নিউ ইয়র্কবাসীর কেস ব্যবস্থাপনা, ব্যক্তিগত সম্পত্তি প্রতিস্থাপন, স্থানান্তর এবং ভাড়া সহায়তা, এবং অন্যান্য অতি জরুরি প্রয়োজন মেটাবে***

গভর্নর ক্যাথি হোকল আজকে 9 জানুয়ারি ব্রঙ্কসের ট্রেমন্ট এলাকায় 19-তলা উঁচু অ্যাপার্টমেন্ট ভবনে প্রাণঘাতী আগুন দ্বারা ক্ষতিগ্রস্ত ভাড়াটিয়াদের সাহায্য করার জন্য 2 মিলিয়ন মার্কিন ডলার সহায়তা ঘোষণা করলেন। স্টেটের টেম্পোরারি এবং ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স (Office of Temporary and Disability Assistance, OTDA) অফিসের গৃহহীনদের জরুরি চাহিদা কর্মসূচি (Emergency Needs for the Homeless Program) এবং নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal, HCR) আবাসন ট্রাস্ট ফান্ড কর্পোরেশনের (Housing Trust Fund Corporation) মাধ্যমে অর্থায়িত এই সহায়তা ভাড়াটিয়াদের অতি জরুরি গৃহস্থালির প্রয়োজন মেটাতে কেস ব্যবস্থাপনা পরিষেবা, ব্যক্তিগত সম্পত্তি প্রতিস্থাপন, স্থানান্তর এবং ভাড়া সহায়তা প্রদান করবে।

"যখন আমি ব্রঙ্কসের অ্যাপার্টমেন্টে আগুন দ্বারা প্রভাবিত ভাড়াটিয়াদের সাথে দেখা করেছি, যাদের মধ্যে অনেকেই আরো ভালো জীবনের আশায় আমাদের স্টেটে অভিবাসন করেছে, তখন আমি তাদের চোখে অবর্ণনীয় কষ্ট দেখছি এবং আমি তাদের পুনরুদ্ধারে সাহায্য করার প্রতিশ্রুতি করেছি," **গভর্নর হোকল বলেন।** "ক্ষতিগ্রস্ত সকলেই আমাদের নিউ ইয়র্ক স্টেট পরিবারের অংশ, এবং আমরা তাদের পুনরুদ্ধারের জন্য প্রয়োজনীয় সমর্থন তাদেরকে প্রদান করবো। আমি ক্ষতিগ্রস্তদের জানাতে চাই যে আমরা আপনাদের কথা ভুলে যাবো না, আপনাদের পরিত্যাগ করবো না, আমরা আপনাদের জন্য আছি।"

**লেফটেন্যান্ট গভর্নর ব্রায়ান বেঞ্জামিন বলেন,** "সম্পূর্ণ নিউ ইয়র্ক স্টেট ব্রঙ্কসের দুঃখজনক অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের সাথে শোক করছে, এটি এমন একটি অকল্পনীয় দুঃখের ঘটনা যা পুত্র, কন্যা, স্ত্রী, স্বামী, এবং বন্ধুদের জীবন কেড়ে নিয়েছে। গভর্নর ক্যাথি হোকল এবং আমি উভয়েই জানি যে আমাদের থেকে যাদের অনেক দ্রুত কেড়ে নেওয়া হয়েছে তাদের পরিবার পরিজনের দুঃখ কোনো বক্তব্য দ্বারাই লাঘব করা যাবে না। ভুক্তভোগীদের ক্ষতিপূরণের তহবিল দিয়ে, আমরা আমাদের মতো নিউ ইয়র্কবাসীদের তাদের প্রয়োজনীয় সকল সাহায্য করবো, এবং আমরা আগামী মাস ও বছরগুলিতে নিউ ইয়র্ক সিটির সাথে মিলিত হয়ে সেটি করতে থাকবো।"

গভর্নর হোকলের নির্দেশনার অধীনে, OTDA কাজ করবে ব্রঙ্কসওয়ার্কসের (BronxWorks) সাথে, অলাভজনক সংগঠন যাদের সাথে দুঃখজনক অগ্নিকাণ্ড দ্বারা ক্ষতিগ্রস্তদের জরুরি আবাসন কেস ব্যবস্থাপনা ও সুবিধা সহায়তার জন্য স্টেটের গৃহহীনদের জরুরি চাহিদা কর্মসূচির মাধ্যমে চুক্তি করা হয়েছে। ব্রঙ্কসওয়ার্কস অলাভজনক সংগঠনটির কাছেই অবস্থিত মনরো কলেজের ইউস্টিন হলে স্থাপিত নিউ ইয়র্ক সিটির পরিষেবা কেন্দ্রে ইনটেক স্টাফ প্রদান করবে।

ব্রঙ্কসওয়ার্কস অগ্নিকাণ্ডের ভুক্তভোগীদের কেস ব্যবস্থাপনা পরিষেবা, ব্যক্তিগত সম্পত্তি প্রতিস্থাপন, স্থানান্তর সহায়তা, ভাড়া সহায়তা, কবর দেওয়ার সহায়তা, এবং অন্যান্য সমর্থন প্রদান করবে যাতে করে গৃহস্থালির সদস্যের মৃত্যুর ফলে উপার্জন হারানোর মতো অতি জরুরি গৃহস্থালির চাহিদা মেটাতে সাহায্য করতে পারে। গৃহচ্যুত গৃহস্থালিগুলি তাদের পরিস্থিতির উপর ভিত্তি করে অতিরিক্ত সহায়তা পেতে পারে।

নিউ আমেরিকানস অফিস (Office for New Americans) বর্তমানে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের প্রয়োজনমতো অভিবাসন আইনি সহায়তার সাথে সংযুক্ত করে দিতে কাজ করছে।

হোমস অ্যান্ড  কমিউনিটি রিনিউয়াল CVR-কে জড়িত করেছে, এটি একটি জাতীয় সংগঠন যারা সেকশন 8 আবাসন পছন্দের ভাউচার (Housing Choice Vouchers, HCV) পরিচালনা এবং স্থানান্তর সহায়তা প্রদানে মনোযোগ প্রদান করে। সংগঠনটি স্থানান্তরে ইচ্ছুক পরিবারগুলিকে সমর্থন প্রদান করবে।

উঁচু ভবনটির দ্বিতীয় ও তৃতীয় তলার একটি ডুপ্লেক্স অ্যাপার্টমেন্টে শুরু হওয়া অগ্নিকাণ্ডে 17 জন বাসিন্দা নিহত হয়েছে, যার মধ্যে ছোট শিশু রয়েছে এবং আরো 40 জনের বেশি আহত হয়েছে। সেই সময়ে, ভবনটিতে 118টি ইউনিটে মানুষ ছিলো।

গৃহহীনদের জরুরি চাহিদা কর্মসূচি গৃহহীনতায় ভুগতে থাকা বা গৃহহীন হওয়ার ঝুঁকিতে থাকা ব্যক্তি ও পরিবারের জরুরি চাহিদা মেটায়। তহবিল ব্যবহৃত হবে স্থিতিশীলতা পরিষেবা প্রদানকারী বিদ্যমান কর্মসূচিকে বৃদ্ধি করতে এবং এইসব ব্যক্তি ও পরিবারকে স্বনির্ভরতার দিকে চালিত করতে।

**OTDA-র ভারপ্রাপ্ত কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েটজ বলেন,** "পূর্ব 181তম স্ট্রিটের অ্যাপার্টমেন্টে অগ্নিকাণ্ডের ঘটনা ভবনটির ভাড়াটিয়া এবং তাদের পরিবারের জন্য অকল্পনীয় যন্ত্রণা তৈরি করেছে। এই কঠিন সময়ে তাদের সাহায্য করা শুরু হবে নতুন করে শুরু করার জন্য যাতে তাদের প্রয়োজনীয় সমর্থন ও সংস্থান পাওয়ার সুযোগ থাকে তা নিশ্চিত করার মাধ্যমে। এই কর্মসূচির মাধ্যমে, আমরা অগ্নিকাণ্ড দ্বারা গৃহচ্যুতদের অস্থায়ী বা স্থায়ী আবাসন খুঁজতে সাহায্য করতে পারি, ক্ষতিগ্রস্ত সম্পত্তি প্রতিস্থাপন করতে এবং এই দুঃখের ঘটনা কাটিয়ে উঠে তাদের জীবন স্থিতিশীল করার জন্য অন্যান্য সমর্থন প্রদান নিশ্চিত করতে পারবো।"

**HCR-র কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন,** "নিউ ইয়র্ক স্টেট এই দুঃখজনক ঘটনায় ক্ষতিগ্রস্তদের সাহায্য করার জন্য যা যা সম্ভব সবকিছুই করতে থাকবে। যেসব গৃহস্থালির স্বল্প ও দীর্ঘমেয়াদি স্থানান্তর প্রয়োজন তাদের বাছাইয়ের সুযোগ আছে তা নিশ্চিত করতে আমরা ভাড়াটিয়া, নিউ ইয়র্ক সিটির কর্মকর্তাগণ, সম্পত্তির মালিক, এবং সাশ্রয়ী আবাসন সম্প্রদায়ের সাথে সক্রিয়ভাবে যুক্ত আছি। এই গুরুত্বপূর্ণ তহবিল গঠনের মাধ্যমে, গভর্নর প্রদর্শন করেছেন যে বাসিন্দাদের কাছে নিজেদের জীবন পুনরায় গুছিয়ে নিতে এবং নিরাপদ, সুরক্ষিত আবাসন খুঁজতে প্রয়োজনীয় আর্থিক সমর্থন ও সংস্থান থাকবে।"

নিউ ইয়র্ক সিটির হিউম্যান রিসোর্সেস প্রশাসন (Human Resources Administration) তাৎক্ষণিক ত্রাণ প্রচেষ্টা পরিচালনা করছে এবং একই সাথে ভুক্তভোগীদের কবর দেওয়ার খরচ প্রদান করছে। আমেরিকান রেড ক্রস (American Red Cross) ভুক্তভোগীদের দুই সপ্তাহ পর্যন্ত থাকার স্থান এবং মৃত ব্যক্তিদের পরিবারকে আর্থিক সহায়তা প্রদান করছে।

**নিউ ইয়র্ক সিটির স্যোসাল সার্ভিসেস ডিপার্টমেন্টের (New York City Department of Social Services) কমিশনার গ্যারি জেনকিনস বলেন,** "আমরা এই ভয়ঙ্কর দুঃখজনক ঘটনায় ক্ষতিগ্রস্ত সকলের প্রতি আমাদের গভীর সান্ত্বনা ও সহানুভূতি প্রকাশ করছি, এবং আমরা এই অত্যন্ত কঠিন সময়ে এই ভাড়াটিয়াদের সমর্থনে আমাদের পক্ষে সম্ভব এমন সবকিছু করবো। যখন আমরা এই সম্প্রদায়ের সবথেকে কঠিন সময়ে পুনর্গঠনে একত্রে কাজ করছি, তখন এই প্রচেষ্টাগুলিতে অবদান রাখার জন্য এবং আমাদের মতো নিউ ইয়র্কবাসীদের অতি জরুরি সহায়তা প্রদান করার জন্য স্টেটের উদ্যোগের আমরা প্রশংসা করছি।"

**ব্রঙ্কসওয়ার্কসের নির্বাহী পরিচালক আইলিন টোরেস বলেন,** "আমাদের ব্রঙ্কস প্রতিবেশীদের প্রয়োজনে,বিশেষ করে এমন অপরিমেয় দুঃখজনক ঘটনার পরবর্তীতে সাড়াদান করে ব্রঙ্কসওয়ার্কসের মিশন। যেহেতু পূর্ব 181তম স্ট্রিটের অ্যাপার্টমেন্ট আমাদের অফিস থেকে মাত্র কয়েক ব্লক দূরে অবস্থিত, তাই এই ভয়াবহ অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবার ও ব্যক্তিরা আক্ষরিক অর্থেই আমাদের প্রতিবেশী, তাই আমরা তাদের প্রয়োজনের সময় তাদের পাশে দাঁড়াতে পেরে গর্বিত। আমরা গভর্নর হোকলের সহানুভূতি এবং এই ভয়াবহ ঘটনা থেকে পুনরুদ্ধার শুরু করার জন্য সম্প্রদায়কে প্রয়োজনীয় সংস্থান প্রদান করতে তার নেতৃত্বের জন্য তার প্রশংসা করছি।"

**CVR অ্যাসোসিয়েটসের (CVR Associates) সহ-প্রধান নির্বাহী কর্মকর্তা ফ্র্যাডিক রোচা বলেন,** "বছরের পর বছর ধরে আমরা দ্য ব্রঙ্কসের মানুষের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করেছি এবং আমরা এই ভয়াবহ দুঃখজনক ঘটনায় বিপর্যস্ত। গত সপ্তাহের অগ্নিকাণ্ডের পর থেকে আমরা সাহায্যের প্রচেষ্টাকে সমর্থন করছি এবং আমরা এই সম্প্রদায়কে এর প্রয়োজনীয় অতিরিক্ত সাহায্য প্রদানে নিউ ইয়র্ক স্টেটের সাথে অংশীদারিত্ব করতে আগ্রহী। সামনের দিনগুলিতে, আমরা বাসিন্দাদের তাদের বাসা ফিরে পেতে বা বাস করার নতুন স্থান খুঁজতে দিতে সাহায্য করার জন্য আমাদের দ্বারা সম্ভব এমন সবকিছু করা অব্যাহত রাখবো।"

এই সপ্তাহের শুরুতে, মেয়রের নিউ ইয়র্ক সিটির উন্নয়ন তহবিল (Mayor's Fund to Advance New York City) আগুন দ্বারা ক্ষতিগ্রস্তদের জন্য ব্রঙ্কস অগ্নি ত্রাণ তহবিল (Bronx Fire Relief

Fund) স্থাপন করেছে। পাশাপাশি, ব্রঙ্কস কমিউনিটি ফাউন্ডেশন (Bronx Community Foundation) এবং গ্যাম্বিয়ান ইয়ুথ অর্গানাইজেশন (Gambian Youth Organization) অগ্নিকাণ্ডের ভুক্তভোগী ব্যক্তিদের প্রয়োজন মেটাতে তহবিল সংগ্রহ করছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন